**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**19 DECEMBER 2024** **7:35 AM IST**

================================================================

রাজ্যে ২০০৮ সালের ৩০শে অক্টোবর গুয়াহাটিতে ধারাবাহিক বোমা বিস্ফোরণের মামলায় অভিযুক্ত এন ডি এফ বি'র প্রধান রঞ্জন দৈমারীর জামিন আবেদন দেশের সর্বোচ্চ আদালত অগ্রাহ্য করেছে । আদালত এই মামলার বর্তমান অবস্থানের ভিত্তিতে দৈমারীর আবেদন বিবেচনার বিষয়ে অগ্রাহ্য করেছে । সুপ্রীম কোর্ট একইসঙ্গে ২০২৫ সালের শেষভাগে মূল মামলার শুনানি অনুষ্ঠিত হবে বলে স্পষ্ট করে জানিয়ে দিয়েছে । উল্লেখ্য- একটি বিশেষ আদালত ৮৮জন নিরীহ লোকের প্রাণ কেড়ে নেওয়া ২০০৮ সালের বোমা বিস্ফোরণ সংক্রান্ত মামলায় রঞ্জন দৈমারী এবং অন্য ন'জনকে যাবজ্জীবন কারাদন্ডে দন্ডিত করেছিল । পরে শ্রী দৈমারী সুপ্রীম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য চলতি ডিসেম্বর মাসের মধ্যে প্রি-ফাইনাল পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে । সকল অনুমতিপ্রাপ্ত এবং স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানে এই প্রি-ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে । পর্ষদের সচিবের জারি করা এক নির্দেশনা অনুসারে সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের এই

পরীক্ষা আয়োজনের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দেওয়া হয়েছে । উল্লেখ্য শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে পরীক্ষায় অবর্তীন ছাত্র-ছাত্রীদের লাভ করা নম্বর বাধ্যতামূলকভাবে সুরক্ষিত রাখতে পর্ষদের মার্কস এন্ট্রি পোর্টালে অর্ন্তভুক্ত করতে হবে ।

---

ক্রীড়া সুস্থ ও প্রগতিশীল সমাজ গঠনে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে থাকে ।

রাজ্যের জল সম্পদ , তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা গতকাল শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে খেল মহারনের দ্বিতীয় পর্বের সূচনা করে এই মন্তব্য করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী হাজারিকা আরো জানান যে ক্রীড়া যুব সমাজকে বিভিন্ন ক্ষতিকারক প্রভাব থেকেও রক্ষা করে থাকে । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , জেলার ক্রীড়া বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ডক্টর খালেদা সুলতানা আহমেদ ,বিধায়ক দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি সোম , কমলাক্ষ্য দে পুরকায়স্থ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের ক্রীড়া ও যুব কল্যান বিভাগের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া কার্য্যলয়ের সহযোগীতায় গতকাল থেকে বিধানসভা ভিত্তিক খেল মহারনের দ্বিতীয় পর্ব শুরু হয়েছে । হাইলাকান্দি শহরের নেতাজী সুভাষচন্দ্র বসু স্টেডিয়ামে তিন দিনের বিধানসভা পর্য্যায়ের খেল মহারনে ২৮টি গ্রামের খেলোয়াড়রা এই প্রতিযোগীতায় অংশগ্রহন করছেন ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম গতকাল লালা বাজারে ধান ক্রয় কেন্দ্রের উদ্বোধন করেছেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায়

বক্তব্য রাখতে গিয়ে আয়ুক্ত শ্রী হিভারে কৃষকদেরকে সরকার নির্ধারিত মূল্যে ধান ক্রয় করার আহ্বান জানিয়েছেন । জেলার অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে এবং জেলা কৃষি আধিকারীক বি বি নার্জারী প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । উল্লেখ্য এবছর দু হাজার তিনশ টাকা প্রতি কুইন্টাল মূল্যে ধান ক্রয় করা হচ্ছে । এবছর জেলায় মোট সাত হাজার মেট্রিক টন ধান ক্রয় করার লক্ষ্যমাত্রা নির্ধারিত করা হয়েছে ।

---

বাংলাদেশে সাম্প্রতিক সময়ে সেদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের উপর সংঘটিত নির্যাতনের প্রতিবাদে গতকাল হাইলাকান্দি শহরে সব ব্যবসায়িক প্রতিষ্ঠান কয়েক ঘন্টার জন্য বন্ধ রাখা হয়েছে । বেসরকারী সংগঠন বাঙালি পরিষদ-আসামের উদ্যোগে  বিকেল চারটা থেকে রাত আটটা পর্যন্ত হাইলাকান্দি শহরের সব দোকানপাট বন্ধ রেখে প্রতিবাদ কার্যসূচী পালন করা হয়েছে । এই প্রতিবাদ কার্যসূচীর অংশ হিসেবে সংগঠনটির হাইলাকান্দি শাখার পক্ষ থেকে এক প্রতিবাদী মিছিল শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে ।

---

হাইলাকান্দি জেলায় আসাম সংখ্যালঘু উন্নয়ন পর্ষদের অধীনে আটটি ই-রিক্সা অনুদান হিসেবে বন্টনের সূচনা করা হয়েছে । গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ে আয়োজিত এক সভার মাধ্যমে ই-রিক্সাগুলি বন্টনের সূচনা করেন জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডার্ড ফারহিন । উল্লেখ্য এককেটি ই-রিক্সার মূল্য ১ লক্ষ ৪০ হাজার । এরমধ্যে ২০ শতাংশ হিতাধিকারীরা দেবেন বাকী  ৮০ শতাংশ সরকার থেকে ভর্তুকি দেওয়া হবে ।

---

হাইলাকান্দির বন বিভাগ গোপন সূত্রের খবরের ভিত্তিতে কাটিছড়া বাইপাস এলাকায় অভিযান চালিয়ে তিনজন পাখি শিকারীকে আটটক করেছে । আটক ব্যাক্তিদের কাছ থেকে ১৪টি বিলুপ্ত প্রাপ্ত প্রজাতির পাখি ও পাখি শিকারের সরঞ্জাম বাজেয়াপ্ত করা হয়েছে । ধৃত তিন ব্যাক্তি হচ্ছেন হানিফ উদ্দিন , বাবুল হোসেন এবং আব্দুল হান্নান । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

কাছাড়ের জেলা কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আর ই ডি এফ প্রকল্পে জেলায় কৃষকদের ৮৫ শতাংশ রেহাই মূল্যে ৮৯টি সৌরচালিত পাম্পসেট বিতরন করা হবে । ইচ্ছুক কৃষক যাদের ইতিমধ্যে নিজস্ব অগভীর পাঁচ ইঞ্চি ডায়া পাইপ নলকূপ চালু রয়েছে , তারা আবেদন করতে পারবেন । এছাড়া আর ই ডি এফ প্রকল্পে ৭৫ শতাংশ রেহাই মূল্যে ৩০টি অগভীর নলকূপও প্রদান করা হবে । ইচ্ছুক কৃষকদের নির্দিষ্ট প্রপত্র পূরন করে আগামী ২৭শে ডিসেম্বরের মধ্যে জেলা কৃষি আধিকারীকের কার্য্যলয়ে আবেদন করতে বলা হয়েছে ।

---

ভারতীয় কৃষক শ্রমিক মহা-সমিতির তাপাং আঞ্চলিক কমিটির উদ্যোগে তাপাং উন্নয়ন খন্ডে বিভিন্ন দাবীর সর্মথনে জেলা আয়ুক্তের মাধ্যমে রাজ্যের মূখ্যমন্ত্রীর কাছে স্মারক পত্র পাঠানো হয়েছে । স্মারক পত্রে অবিলম্বে তাপাং উন্নয়ন খন্ডে প্রধানমন্ত্রী আবাস যোজনার দূর্নীতির তদন্ত করা এবং তাপাং অঞ্চলে সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নত করার দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে শ্রীপদ ধর , বিষ্ণু প্রজা , রাজু উরাং , রাজু মাঝি , গনেশ বাউরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---